গড়, $\bar{x} = \frac{x_1 + x_2}{2} = 7$

$\Rightarrow x_1 + x_2 = 14 \Rightarrow x_1 = 14 - x_2$ ... ... (i) এবং

পরিমিত ব্যবধান $= \sqrt{\frac{\Sigma x^2}{n} - (\bar{x})^2} = 1 \Rightarrow \sqrt{\frac{x_1^2 + x_2^2}{2} - 7^2} = 1$

$\Rightarrow \frac{x_1^2 + x_2^2}{2} - 49 = 1 \Rightarrow \frac{x_1^2 + x_2^2}{2} = 50$

$\Rightarrow x_1^2 + x_2^2 = 100 \quad \Rightarrow (14 - x_2)^2 + x_2^2 = 100$, [(i) হতে]

$\Rightarrow 196 - 28x_2 + x_2^2 + x_2^2 = 100$

$\Rightarrow 2x_2^2 - 28x_2 + 96 = 0 \Rightarrow x_2^2 - 14x_2 + 48 = 0$

$\Rightarrow (x_2 - 8)(x_2 - 6) = 0 \Rightarrow x_2 = 8, 6$

$\therefore$ (i) হতে পাই, $x_1 = 14 - 8 = 6$, যখন $x_2 = 8$

এবং $x_1 = 14 - 6 = 8$ যখন $x_2 = 6$

$\therefore$ নির্ণেয় সংখ্যা দুইটি 6 ও 8. **Ans.**

Ex-04 50টি সংখ্যার গড় 2 ও ভেদাংক 9। ঐ তথ্যসারিতে আরও দুইটি সংখ্যা যোগ করা হলে সম্মিলিত গড় 2 এবং ভেদাংক $\frac{113}{13}$ হয়। নতুন সংখ্যা দুইটি নির্ণয় কর।

সমাধান: 50টি সংখ্যার সমষ্টি $= 50 \times$ তাদের গড় $= 50 \times 2 = 100$ এবং

50টি সংখ্যার বর্গের সমষ্টি $= 50 \times$ (তাদের গড় + তাদের ভেদাংক)

$= 50(2 + 9) = 550$

আবার (50 + 2) অর্থাৎ 52টি সংখ্যার সমষ্টি $= 52 \times$ তাদের গড়

$= 52 \times 2 = 104$ এবং

52টি সংখ্যার বর্গের সমষ্টি $= 52 \times$ (তাদের গড় + তাদের ভেদাংক)

$= 52\left(2 + \frac{114}{13}\right) = 560$

ধরি সংখ্যা দুইটি x ও y

$\therefore x + y = 104 - 100 \Rightarrow x + y = 4$

$\Rightarrow y = 4 - x$ ... ... (i) এবং

$x^2 + y^2 = 560 - 550 \Rightarrow x^2 + y^2 = 10$

$\Rightarrow x^2 + (4 - x)^2 = 10$

$\Rightarrow x^2 + 16 - 8x + x^2 = 10$

$\Rightarrow 2x^2 - 8x + 6 = 0 \Rightarrow x^2 - 4x + 3 = 0$

$\Rightarrow (x - 3)(x - 1) = 0$

$\therefore$ (i) হতে পাই, $y = 4 - 1 = 3$,

যখন $x = 1$ এবং $x_1 = 4 - 3 = 1$ যখন $x = 3$.

$\therefore$ নির্ণেয় সংখ্যা দুইটি 1 ও 3. **Ans.**

Practice Problem:

1. দুইটি রাশির গড় ও ভেদাংক যথাক্রমে 10 এবং 38 হলে সংখ্যাদ্বয় এবং বিভেদাংক নির্ণয় কর। **Ans.** 16.16, 3.84, 61.6%

2. 4, 5, 8, 11 তথ্যসারির গড় ব্যবধান ও বিভেদাংক নির্ণয় কর।
Ans: 2.5, 39.12%

3. দুই জন ক্রিকেট খেলোয়াড়ের 10 ইনিংসের স্কোর নিচে দেয়া হলো। ক্রিকেটারদ্বয়ের দক্ষতা তুলনা কর-

ক	114	45	0	31	75	102	198	8	0	7
খ	15	25	18	30	11	4	23	21	31	22

Ans: গড় বিবেচনা করে, ক > খ

BUET, KUET, CUET & RUET
[বিগত প্রশ্ন ও সমাধান]

MCQ Part

KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. 2, 5, 9, 16 এর বিভেদাঙ্ক হলো- [17-18]

A. $\sqrt{\frac{55}{2}}\%$ B. $\sqrt{\frac{55}{128}}\%$ C. $\sqrt{\frac{1375}{8}}\%$

D. $\sqrt{2750}$ E. $\sqrt{\frac{2750}{8}}$

Ans | Blank | Solve বিভেদাঙ্ক $= \frac{\sigma}{\bar{x}} \times 100\%$,

[এখানে, $\bar{x} = \frac{2 + 5 + 9 + 16}{4} = 8$]

$= \frac{\sqrt{\frac{(8-2)^2 + (8-5)^2 + (8-9)^2 + (8-16)^2}{4}}}{8} \times 100\% = \frac{25}{4}\sqrt{110}\%$

B সম্ভাব্যতা

এক নজরে এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ সূত্রাবলি

- সম্ভাব্যতা $= \frac{\text{সম্ভাব্য অনুকূল ঘটনার সংখ্যা}}{\text{সম্ভাব্য মোট ফলাফলের সংখ্যা}}$

Example: ফলাফলের সংখ্যা n(S) এবং কোন A ঘটনার অনুকূল ঘটনা সংখ্যা n(A) হলে A ঘটনাটি ঘটার সম্ভাবনা $P(A) = \frac{n(A)}{n(S)}$

Note: যে সকল ঘটনা ঘটার সম্ভাব্যতা সমান তাদের সমসম্ভাব্য (Equiprobable) ঘটনা বলা হয়।

- **সম্ভাবনার আরোহী সংজ্ঞা:** কোনো একটি চেষ্টা অনেকবার পুনরাবৃত্তি করা হলে এর নমুনাক্ষেত্রের মোট ফলাফলের সংখ্যা n(S) খুব বেশি বা অসীম এবং ঐ নমুনাক্ষেত্রের কোনো ঘটনা A এর অনুকূলে ফলাফলের সংখ্যা n(A) হলে $\frac{n(A)}{n(S)}$ একটি স্থির রাশি হবে। এ স্থির রাশিটির সীমান্ত মানকে ঐ ঘটনার আরোহী সম্ভাবনা বলে। এক্ষেত্রে, ঘটনা A এর সম্ভাবনা হবে,

$P(A) = \lim_{n(S) \to \infty} \frac{n(A)}{n(S)}$

- যে সকল ক্ষেত্রে ঘটনা ঘটতে পারে তাকে ঘটনজগত (Event space) বলে এবং পরীক্ষণে প্রাপ্ত সকল সম্ভাব্য স্বতন্ত্র ফলাফলের সেটকে নমুনা ক্ষেত্র (Sample space) বলে।
- সম্ভাব্যতার মান 0 থেকে 1 এর মধ্যে সীমাবদ্ধ। অর্থাৎ $0 \le P(A) \le 1$।
- কোন নিশ্চিত ঘটনার সম্ভাব্যতা 1 (যেমন- মানুষ মরণশীল) এবং একেবারেই অনিশ্চিত বা কখনোই ঘটবে না এরকম ঘটনার সম্ভাব্যতা 0 (যেমন- মানুষ অমর)।
- একটি পরীক্ষণের নমুনা বিন্দুর সংখ্যা n এবং পরীক্ষণ সর্বশেষে প্রাপ্ত প্রতিটি নমুনা বিন্দুতে মূল নমুনা বিন্দুর সংখ্যা r হলে, নমুনা ক্ষেত্রে মোট নমুনা বিন্দুর সংখ্যা $= n^r$.
- একটি মুদ্রা n বার নিক্ষেপ করলে নমুনা বিন্দুর সংখ্যা $= 2^n$.
- একটি ছক্কা n বার নিক্ষেপ করলে নমুনা বিন্দুর সংখ্যা $= 6^n$.

www.boimate.com
Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

➲ ঘটনা তিন ধরনের। যথাঃ
i. নিশ্চিত ঘটনাঃ $n(A) = n(S)$; $P(A) = 1$
ii. অনিশ্চিত ঘটনাঃ $n(A) > 0$; $n(S) > 0$; $0 < P(A) < 1$
iii. অসম্ভব ঘটনাঃ $n(A) = 0$; $P(A) = 0$

➲ দুইটি বর্জনশীল ঘটনার ক্ষেত্রে যোগসূত্র $P(A \cup B) = P(A) + P(B)$
তিনটি বর্জনশীল ঘটনার ক্ষেত্রে যোগসূত্র
$P(A \cup B \cup C) = P(A) + P(B) + P(C)$
দুইটি অবর্জনশীল ঘটনার ক্ষেত্র যোগসূত্র $P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$
তিনটি অবর্জনশীল ঘটনার ক্ষেত্র যোগসূত্র $P(A \cup B \cup C) = P(A) + P(B) + P(C) - P(A \cap B) - P(B \cap C) - P(A \cap C) + P(A \cap B \cap C)$

দুইটি স্বাধীন ঘটনার জন্য গুননসূত্র $P(A \cap B) = P(A) \times P(B)$
দুইটি অধীন ঘটনার জন্য গুননসূত্র $P(A \cap B) = P(A) \cdot P(B/A)$
$= P(B) \cdot P(A/B)$

❐ **বায়েসের সূত্রঃ** একটি ঘটনা X ঘটতে পারে যদি n সংখ্যক পরস্পর পৃথক (Mutually exclusive) ও সম্পূর্ণ (Exhaustive) ঘটনা $A_1, A_2 \ldots A_n$, এর মধ্যে একটি ঘটে। ধরা যাক, $P(A_1), P(A_2), \ldots, P(A_n)$ সম্ভাব্যতা সমূহ এবং $P\left(\frac{X}{A_1}\right), P\left(\frac{X}{A_2}\right), \ldots, P\left(\frac{X}{A_n}\right)$ শর্তাধীন সম্ভাবনাসমূহের মান জানা আছে। তাহলে X ঘটনা ঘটেছে এই শর্তে কোন A_i ঘটনার শর্তাধীন সম্ভাব্যতা বা $P\left(\frac{A_i}{X}\right)$ এর মান নিম্নরূপঃ

$$P\left(\frac{A_i}{X}\right) = \frac{P(A_i)P\left(\frac{X}{A_i}\right)}{P(A_1)P\left(\frac{X}{A_1}\right) + P(A_2)P\left(\frac{X}{A_2}\right) + \ldots + P(A_n)P\left(\frac{X}{A_n}\right)}$$

[যেখানে $i = 1, 2 \ldots\ldots n$]

➲ কোন পরীক্ষায় 2টি ফলাফল (পাশ ও ফেল) থাকলে এবং 1 বার পাশ করার সম্ভাব্যতা p এবং 1 বার ফেল করার সম্ভাব্যতা q হলে, n সংখ্যক পরীক্ষায় সফলতার সম্ভাবনা, $P(x) = {}^nC_x\, p^x q^{n-x}$

➲ একটি ঘটনা ঘটার সম্ভাব্যতা $P(A)$ হলে, না ঘটার সম্ভাব্যতা $P(A^C)$

➲ $P(A) + P(A^C) = 1$

➲ $P\left(\frac{B^C}{A^C}\right) = \frac{1 - P(A \cup B)}{1 - P(A)}$ এবং $P\left(\frac{B^C}{A}\right) = 1 - P\left(\frac{B}{A}\right)$

➲ **Card পরিচিতিঃ**
01. Total number of cards = 52
02. এদের চারটি শ্রেণী আছেঃ
i. হরতন (হার্টস) → 13
ii. রুইতন (ডায়মন্ড) → 13
iii. ইস্কাবন (স্পেড) → 13
iv. চিরাতন (ক্লাবস) → 13
03. Colour: লাল → 26 (হরতন + রুইতন)
কাল → 26 (ইস্কাবন + চিরাতন)
52
04. 13টি কার্ড এর সমন্বয়ঃ Tecca → 1, King → 1, Queen → 1, Jack → 1
4টি × 9টি = 13টি
↓
নম্বরযুক্ত Card

❐ **মৌলিক সংখ্যা: (1 থেকে 100 এর মধ্যে)**

মৌলিক সংখ্যা	0-11	11-20	21-30	31-40	41-50	51-60	61-70	71-80	81-90	91-100
	4	4	2	2	3	2	2	3	2	1

এই অধ্যায়ের বিভিন্ন গাণিতিক সমস্যাসমূহকে নিম্নোক্ত Type-এ শ্রেণিভুক্ত করা যায়।

Type-01: নমুনাক্ষেত্র সম্পর্কিত সমস্যা

Ex-01 একটি সুষম মুদ্রা পরপর তিনবার টস করা হল। প্রতিটি টসেই প্রথম হেড পাওয়ার শর্তে 2 বা ততোধিক হেড পাওয়ার সম্ভাবনা কত? কোন শর্ত আরোপ না করা হলে, দুই বা ততোধিক হেড পাওয়ার সম্ভাবনা কত?

Sol^n: নমুনা ক্ষেত্রঃ

	H	T
HT	HTH	HTT
HH	HHH	HHT
TH	THH	THT
TT	TTH	TTT

প্রথম হেড পাওয়ার শর্তে নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{3}{4}$

কোন শর্ত আরোপ না করে নির্ণেয় সম্ভাবনা $= \frac{4}{8} = \frac{1}{2}$ Ans.

Ex-02 6 জন বালিকা ও 5 জন বালক একটি সারিতে একত্রে দৈবভাবে বসানো হল। দুইজন বালক পাশাপাশি বসেনি, এ সম্ভাবনা কত?

Sol^n: বালক-বালিকাদের মোট $\lfloor 11$ ভাবে সাজানো যায় আবার, প্রদত্ত শর্তানুযায়ী $\lfloor 6$ ভাবে

নির্ণেয় সম্ভাবনা $= \frac{{}^7P_5 \times \lfloor 6}{\lfloor 11} = \frac{1}{462}$ Ans.

Ex-03 এক ব্যক্তি 4টি ঠিকানায় 4টি চিঠি লেখে এবং চিঠিগুলো খামবন্দী করে দৈবক্রমে ঢুকানো হলে সঠিক ঠিকানায় চিঠি পাঠাবার সম্ভাবনা কত?

Sol^n: সর্বমোট উপায়ে চিঠি ঢুকাতে পারে $= \lfloor 4$ ভাবে। এর মধ্যে একটি সঠিক

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{1}{\lfloor 4} = \frac{1}{24}$ Ans.

Ex-04 একটি ছক্কার গুটির সাথে এমনভাবে ভার বেধে দেওয়া হল যে জোড় সংখ্যা আসার সম্ভাবনা একটি বিজোড় সংখ্যা আসার সম্ভাবনার দ্বিগুণ হয়ে গেল। ছক্কা একবার নিক্ষেপে 4 এর কম ফোটা আসার ঘটনা A হলে, $P(A)$ নির্ণয় কর।

Sol^n: এখানে, $P(1) + P(2) + P(3) + P(4) + P(5) + P(6) = 1$
প্রতিটি বিজোড় সংখ্যা আসার সম্ভাবনা $= P$
প্রতিটি জোড় সংখ্যা আসার সম্ভাবনা $= 2P$
$\therefore$ $P(1) = P(3) = P(5) = P$
$P(2) = P(4) = P(6) = 2P$
শর্তানুযায়ী, $P + 2P + P + 2P + P + 2P = 1 \Rightarrow P = \frac{1}{9}$
$\therefore P(A) = P(1) + P(2) + P(3) = P + 2P + P = 4P = \frac{4}{9}$ Ans.

For practice:

01. 1 হতে 200 পর্যন্ত স্বাভাবিক সংখ্যাগুলোর মধ্য হতে নিরপেক্ষভাবে যে কোন একটিকে বাছাই করলে সেই সংখ্যাটি 3 অথবা 7 এর গুণিতক হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। Ans. $\frac{43}{200}$

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.boimate.com
Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type-02 : Card সম্পর্কিত সমস্যা

Ex-01 এক প্যাকেট তাস হতে (ক) পুনঃস্থাপন করিয়া (খ) পুনঃস্থাপন না করিয়া 2টি তাস নেওয়া হল। 2টি তাসই রাজা হওয়ার সম্ভাবনা কত?

Sol^n: পুনঃস্থাপন হলে / পুনঃস্থাপন না করা হলে } সম্ভাবনার গুণ সূত্র
পুনঃস্থাপন করা ⟶ স্বাধীন ঘটনা
পুনঃস্থাপন না করা ⟶ অধীন ঘটনা

(ক) প্যাকেটে মোট তাস 52টি এবং রাজা তাস 4টি।
ধরি, ঘটনা A = প্রথম তাসটি রাজা।
ঘটনা B = দ্বিতীয় তাসটি রাজা হবার সম্ভাবনা,

$$P(A) = \frac{{}^4C_1}{{}^{52}C_1} = \frac{4}{52} = \frac{1}{13}$$

পুনঃস্থাপন পদ্ধতিতে দ্বিতীয় তাসটি উঠানোর আগে প্রথম তাসটি প্যাকেটে ফেরত দেওয়া হল। ফলে তাসের সংখ্যা অপরিবর্তিত থাকে।

অতএব, দ্বিতীয় তাসটি রাজা হবার সম্ভাবনা, $P(B) = \frac{1}{13}$

এখন A ও B ঘটনা দু'টি স্বাধীন।
সুতরাং দুইটি তাসটি রাজা হবার সম্ভাবনা হবে,

$$P(A \cap B) = P(A)\,P(B) = \frac{1}{13} \times \frac{1}{13} = \frac{1}{169}$$ **Ans.**

(খ) পুনঃস্থাপন না করে ২য় তাসটি উঠানোর আগে প্যাকেটে মোট তাস থাকবে 51টি এবং রাজা তাস থাকবে 3টি। সুতরাং দ্বিতীয় তাসটি রাজা হওয়ার সম্ভাবনা হবে $p\left(\frac{B}{A}\right) = \frac{3}{51} = \frac{1}{17}$

∴ উভয় তাসই রাজা হওয়ার সম্ভাবনা হবে,

$$P(A \cap B) = P(A).\,P\left(\frac{B}{A}\right) = \frac{1}{13} \times \frac{1}{17} = \frac{1}{221}$$ **Ans.**

For practice:

1. এক প্যাকেটে তাস থেকে একটি তাস দৈবভাবে নেওয়া হলো তাসটি হরতন বা টেক্কা হবার সম্ভাবনা কত? **Ans.** $\frac{4}{13}$
2. এক প্যাকেট তাস থেকে একটি তাস দৈবভাবে নেওয়া হল। তাসটি হরতন বা ইস্কাবন হবার হওয়ার সম্ভাবনা কত? **Ans.** $\frac{1}{2}$

Type-03 : অবর্জনশীল বা স্বাধীন ঘটনার সংযোগসূত্র সম্পর্কিত

Ex-01 $P(A) = \frac{1}{3}$, $P(B) = \frac{3}{4}$, A ও B স্বাধীন হলে $P(A \cup B)$ নির্ণয় কর।

Sol^n: সকল স্বাধীন ঘটনাই অবর্জনশীল হয়,

$$P(A \cap B) = P(A).P(B) = \frac{1}{3}.\frac{3}{4} = \frac{1}{4}$$

$$\therefore P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$$
$$= \frac{1}{3} + \frac{3}{4} - \frac{1}{4} = \frac{4+9-3}{12} = \frac{5}{6}$$ **Ans.**

Ex-02 এক প্যাকেট তাস হতে ২টি তাস দৈবভাবে টানা হল। তাস দু'টি হরতন বা রাজা হওয়ার সম্ভাবনা কত?

Sol^n: দুটি তাসই হরতন হওয়ার সম্ভাবনা $P(H) = \frac{{}^{13}C_2}{{}^{52}C_2}$

দুটি তাসই রাজা হওয়ার সম্ভাবনা $P(K) = \frac{{}^4C_2}{{}^{52}C_1}$

দুটি তাসই হরতন এবং রাজা হওয়ার সম্ভাবনা, $P(H \cap K) = 0$

∴ তাস দুটি তনতন বা রাজা হওয়ার সম্ভাবনা

$$P(H \cup K) = P(H) + P(K) = \frac{{}^{13}C_2}{{}^{52}C_2} + \frac{{}^4C_2}{{}^{52}C_2} = \frac{14}{221}$$ **Ans.**

Ex-03 A ও B এর একটি অঙ্কের সমাধান করতে পাবার সম্ভাব্যতা যথাক্রমে $\frac{1}{3}$ এবং $\frac{1}{4}$ তারা একত্রে অঙ্কটি সমাধানের চেষ্টা করলে অঙ্কটির সমাধান নির্ণয়ের সম্ভাব্যতা কত?

Sol^n: দুইজনে একত্রে অঙ্কটি সমাধান করতে পারার সম্ভাবনা $= \frac{1}{3} \times \frac{1}{4} = \frac{1}{12}$

$$\therefore \text{নির্ণেয় সম্ভাবনা} = \frac{1}{3} + \frac{1}{4} - \frac{1}{12} = \frac{4+3-1}{12} = \frac{1}{2}$$ **Ans.**

For practice:

01. কোন বাণিজ্যিক প্রতিষ্ঠানের তিনটি পদের জন্য একজন প্রার্থী আবেদন করেছে। ঐ তিনটি পদে প্রার্থী সংখ্যা যথাক্রমে 3, 4, 2 হলে, ঐ প্রার্থীর অন্তত একটি পদে চাকরি পাওয়ার সম্ভাবনা কত? **Ans.** $\frac{3}{4}$

Type-04 : বর্জনশীল ঘটনার সংযোগসূত্র

Ex-01 কোন নির্বাচনে চারজন প্রার্থী A, B, C, D এর জয়ের সম্ভাবনা যথাক্রমে 0.4, 0.3, 0.2, 0.1 নির্বাচনের পূর্বমুহূর্তে C তার প্রার্থীতা প্রত্যাহার করল। এখন অবশিষ্ট তিনজন প্রার্থীর জয়ের সম্ভাবনা নির্ণয় কর।

Sol^n: C তার প্রার্থীতা প্রত্যাহার করলে তার জয়ের সম্ভাবনা 0.2, অবশিষ্টদের নিজ নিজ জয়ের সম্ভাবনা সম্ভাব্যতার অনুপাতে তাদের মধ্যে বর্ণিত হবে।

A এর জয়ের সম্ভাবনা $= \frac{0.4}{0.8} \times 0.2 + 0.4 = 0.5$

B এর জয়ের সম্ভাবনা $= \frac{0.3}{0.8} \times 0.2 + 0.3 = 0.375$

D এর জয়ের সম্ভাবনা $= \frac{0.1}{0.8} \times 0.2 + 0.1 = 0.125$

Ans. 0.5; 0.375; 0.125

Ex-02 একটি ব্যাগে 4টি সাদা এবং 5টি কালো বল আছে। একজন লোক নিরপেক্ষভাবে তিনটি বল উঠালেন। তিনটি বলই কালো হওয়ার সম্ভাবনা নির্ণয় কর।

Sol^n: ব্যাগ থেকে 3টি বল উঠালে মোট নমুনা বিন্দুর সংখ্যা $= {}^9C_3 = 84$
তিনটি বলই কালো হওয়ার পক্ষে অনুকূল উপাদান সংখ্যা $= {}^5C_3 = 10$

$$\therefore \text{তিনটি বলই কালো হওয়ার সম্ভাবনা} = \frac{10}{84} = \frac{5}{42}$$ **Ans.**

Ex-03 একটি পাত্রে 6টি সাদা এবং 9টি কালো বল আছে। একবারে 4টি করে (i) পুনঃস্থাপন সহকারে (ii) পুনঃস্থাপন ব্যাতিরেকে দু'বার মোট 8টি বল উত্তোলন করা হল। প্রথম চারটি বল সাদা এবং দ্বিতীয় চারটি বল কালো হওয়ার সম্ভাবনা কত?

Sol^n: i. পুনঃস্থাপন প্রক্রিয়ায় 4টি করে দুইবার বল নেওয়া হলে দ্বিতীয় নির্বাচনের পূর্বে বল ফেরত দেওয়ার ফলে পাত্রে বলের সংখ্যা অপরিবর্তিত থাকবে। অর্থাৎ উত্তোলনদ্বয় পরস্পর স্বাধীন হবে।

নির্ণেয় সম্ভাবনা = P(১ম উত্তোলনে 4টি সাদা বল) × P(দ্বিতীয় উত্তোলনে 4টি কালো বল) $= \frac{{}^6C_4}{{}^{15}C_4} \times \frac{{}^9C_4}{{}^{15}C_4} = \frac{6}{5915}$

ii. পুনঃস্থাপন ব্যাতিরেকে 4টি করে দুইবার বল উঠানো হলে দ্বিতীয় উত্তোলনের পূর্বে বল 4টি পাত্রে ফেরৎ দেওয়া হয় নাই সুতরাং পাত্রে বলের সংখ্যা পরিবর্তিত হলে পরবর্তীতে মোট বলের সংখ্যা হবে (15–4) = 11টি অর্থাৎ দ্বিতীয় উত্তোলন প্রথম উত্তোলনের উপর অধীন।

∴ নির্ণেয় সম্ভাবনা = P(১ম উত্তোলনে 4টি সাদা) × P(দ্বিতীয় উত্তোলনে 4টি কালো বল)।

$$= \frac{{}^6C_4}{{}^{15}C_4} \times \frac{{}^9C_4}{{}^{11}C_4} = \frac{3}{715}$$ **Ans.**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.boimate.com
Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

For practice:

01. তিনটি লুডুর গুটি নিক্ষেপ করা হল। উপরের পৃষ্ঠের সংখ্যা তিনটির সমষ্টি 15 অপেক্ষা অধিক হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। Ans. $\frac{5}{108}$

02. একটি বাক্সে 4টি লাল, 5টি নীল এবং 7টি সাদা রং এর বল আছে। দৈবচয়নে একটি বলের লাল বা সাদা হওয়ার সম্ভাব্যতা কত? Ans. $\frac{11}{16}$

Type-05 : স্বাধীন ঘটনার সম্ভাব্যতা

Ex-01 একটি বাক্সে 5টি লাল ও 10টি সাদা মার্বেল আছে। একটি বালক যেমন খুশি টানলে প্রতিবারের দু'টি ভিন্ন রংয়ের মার্বেল পাওয়ার সম্ভাব্যতা কত?

Sol^n: যেমন খুশি টানলে প্রতিবারে দু'টি ভিন্ন রংয়ের মার্বেল পাওয়ার সম্ভাবনা

$= \frac{{}^5C_1 \times {}^{10}C_1}{{}^{15}C_2} = \frac{10}{21}$ **Ans.**

For practice:

01. একটি থলিতে 3টি সাদা ও 2টি কালো বল আছে। অপর একটি থলিতে 2টি সাদা এবং 5টি কালো বল আছে। নিরপেক্ষভাবে প্রত্যেক থলি হতে একটি করে বল তোলা হল। দু'টি বলের মধ্যে অন্তত একটি সাদা হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। Ans. $\frac{5}{7}$

02. একটি ব্যাগে 5টি সাদা, 7টি লাল, ও 8টি কালো বল আছে। যদি বিনিময় না করে একটি একটি করে পরপর চারটি বল তুলে নেওয়া হয়, তবে সবগুলো বল সাদা হওয়ার সম্ভাবনা কত? Ans. $\frac{1}{969}$

Type-06 : অধীন ঘটনার সম্ভাব্যতা

Ex-01 কোন বিদ্যালয় হতে জুনিয়র বৃত্তি পরীক্ষায় 10 জন অংশগ্রহণ করে। সকলেরই বৃত্তি পাওয়ার বা না পাওয়ার সম্ভাবনা সমান। ঐ বিদ্যালয় হতে কেবলমাত্র তিনজনের বৃত্তি পাওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর।

Sol^n: একজন বৃত্তি পাওয়ার সম্ভাবনা = একজন বৃত্তি না পাওয়ার সম্ভাবনা = $\frac{1}{2}$

$\therefore$ 3 জনের বৃত্তি পাওয়ার ও 7 জনের বৃত্তি না পাওয়ার সম্ভাবনা $= \frac{1}{2^3} \cdot \frac{1}{2^7} = \frac{1}{2^{10}}$

আবার, 10 জন হতে 3 জন নিয়ে দলের সংখ্যা $= {}^{10}C_3$

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{{}^{10}C_3}{2^{10}} = \frac{15}{128}$ **Ans.**

For practice

01. একটি কলেজে একাদশ শ্রেণীর 40 জন ছাত্রের মধ্যে 20 জন ফুটবল খেলে, 25 জন ক্রিকেট খেলে এবং 10 জন ফুটবল ও ক্রিকেট খেলে। তাদের মধ্য হতে দৈবচয়নে একজনকে নির্বাচন করা হল। যদি ছেলেটি ফুটবল খেলে তবে তার ক্রিকেট খেলার সম্ভাবনা কত? Ans. $\frac{1}{2}$

02. গণিত ও পরিসংখ্যান বিষয়ে 200 জন পরীক্ষার্থীর মধ্যে 20 জন পরিসংখ্যানে এবং 40 জন গণিতে ফেল করে। উভয় বিষয়ে 10 জন ফেল করে। নিরপেক্ষভাবে একজন ছাত্রকে বাছাই করলে, তার পরিসংখ্যানে পাশ ও গণিতে ফেল করার সম্ভাব্যতা নির্ণয় কর। Ans. $\frac{3}{20}$

Type-07 : বায়েসের উপপাদ্য সম্পর্কিত সমস্যা

Ex-01 দুইটি একই রকম বাক্সের ১মটিতে 4টি সাদা ও 3টি লাল এবং দ্বিতীয়টিতে 3টি সাদা ও 7টি লাল বল আছে। সমসম্ভব উপায়ে একটি বাক্স নির্বাচন করা হল। ঐ বাক্স হতে নিরপেক্ষভাবে একটি বল টানা হলে, সেটি সাদা হবার সম্ভাব্যতা নির্ণয় কর। যদি বলটি সাদা হয়, তাহলে ১ম বাক্স নির্বাচিত হওয়ার সম্ভাবনা কত?

Sol^n: ১ম বাক্স = A; ২য় বাক্স = B; সাদা বল = X.

$P(A) = P(B) = \frac{1}{2}$ এবং $P\left(\frac{X}{A}\right) = \frac{4}{7}, P\left(\frac{X}{B}\right) = \frac{3}{10}$

$\therefore P(X) = P(A).P\left(\frac{X}{A}\right) + P(B).P\left(\frac{X}{B}\right) = \frac{1}{2}\cdot\frac{4}{7} + \frac{1}{2}\cdot\frac{3}{10} = \frac{61}{140}$

$\therefore P\left(\frac{A}{X}\right) = \left(\frac{P(A).P\left(\frac{X}{A}\right)}{P(X)}\right) = \frac{\frac{1}{2}\cdot\frac{4}{7}}{\frac{61}{140}} = \frac{40}{61}$ Ans.

For practice:

01. একটি বল্টু কারখানায় তিনটি মেশিনে A, B, C তে প্রতিদিন যথাক্রমে 2000, 2500, 4000 বল্টু উৎপাদন হয়। তিনটি মেশিনের উৎপাদিত বল্টুর মধ্যে যথাক্রমে 3%, 4% এবং 2.5% ত্রুটিপূর্ণ। যে কোন একদিনের উৎপাদন হতে নিরপেক্ষভাবে একটি বল্টু নিয়ে দেখা গেল, তা ত্রুটিপূর্ণ। বল্টুটি B মেশিনে উৎপাদিত হওয়ার সম্ভাবনা কত? Ans.

02. দুইটি পাত্রের মধ্যে প্রথমটিতে 2টি লাল ও 3টি সাদা এবং দ্বিতীয়টিতে 3টি লাল ও 5টি সাদা বল আছে। প্রথম পাত্র হতে যথেচ্ছভাবে একটি বল তুলে দ্বিতীয় পাত্রে রাখা হয় এবং অতঃপর দ্বিতীয়টি হইতে একটি বল তোলা হয়। যদি উত্তোলিত বলটি লাল হয়, তবে প্রথম পাত্র হইতে দ্বিতীয় পাত্রে স্থানান্তরিত বলটি সাদা হইবার সম্ভাবনা কত? Ans.

বিবিধ সমস্যাবলি:

01. পুনরাবৃত্তি না ঘটিয়ে 1, 2, 3, 4, 5 সংখ্যাগুলো হতে দুই অংকবিশিষ্ট একটি সংখ্যা নেওয়া হল। (i) সংখ্যাটি যুগ্ম (ii) 5 দ্বারা বিভাজ্য হবার সম্ভাবনা কত?

Sol^n: নমুনাক্ষেত্রঃ

12	13	14	15
21	23	24	25
31	32	34	35
41	42	43	45
51	52	53	54

i. যুগ্ম সংখ্যা = 8টি

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{8}{20} = \frac{2}{5}$ Ans.

ii. 5 দ্বারা বিভাজ্য সংখ্যা = 4টি

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{4}{20} = \frac{1}{5}$

বিকল্পঃ

i. P (জোড়) $= \frac{{}^2C_1 \times {}^5C_1}{{}^5P_2} = \frac{2}{5}$

ii. P (5 দ্বারা বিভাজ্য) $= \frac{{}^1C_1 \times {}^4C_1}{{}^5P_2} = \frac{1}{5}$ Ans.

02. একটি ঘটনার অনুকূল সুযোগ 4:3। অন্য একটি স্বাধীন ঘটনার প্রতিকূল সুযোগ 2:3। ঘটনাদ্বয়ের কমপক্ষে একটি ঘটনার সম্ভাবনা কত?

Sol^n: A, B হল উক্ত ঘটনাদ্বয়

$P(A) = \frac{4}{4+3} = \frac{4}{7}$ এবং $P(B^C) = \frac{2}{2+3} = \frac{2}{5}$

$\therefore P(B) = 1 - P(B^C) = 1 - \frac{2}{5} = \frac{3}{5}$

$P(A \cup B) = P(A) + P(B) - P(A \cap B)$

$= P(A) + P(B) - P(A).P(B)$

$= \frac{4}{7} + \frac{3}{5} - \frac{4}{7}\cdot\frac{3}{5} = \frac{20+21-12}{35} = \frac{29}{35}$ Ans.

www.boimate.com
Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

0, 1, 2, 3, 4 অংকগুলির কোন অংক একাধিকবার ব্যবহার না করে 5 অংক বিশিষ্ট একটি সংখ্যা গঠন করা হয়। গঠিত সংখ্যাটি 2 দ্বারা বিভাজ্য হওয়ার সম্ভাবনা নির্ণয় কর।

Sol^n: 5 অংক বিশিষ্ট গঠিত মোট সংখ্যা $= \left(\lfloor 5 - \lfloor 4\right) = 96$টি

∴ এর মধ্যে 2 দ্বারা বিভাজ্য সংখ্যা মোট

$= \lfloor 4 - \lfloor 3 + \lfloor 4 - \lfloor 3 + \lfloor 4 = 60$

∴ নির্ণেয় সম্ভাবনা $= \frac{60}{96} = \frac{5}{8}$ **Ans.**

For practice

1. দুইটি ছক্কা একত্রে নিক্ষেপ করা হলো। উপরের পিঠের সংখ্যাগুলির যোগফল 5 এর কম বা বেশি হবার সম্ভাবনা কত? **Ans.** $\frac{8}{9}$

2. একটি পাত্রে 5টি লাল বল ও 7টি নীল বল আছে। পাত্র হতে নির্বিচারে 3টি করিয়া বল দুইবার লওয়া হলো। যদি প্রথম নির্বাচনের পর 3টি বল পাত্রে ফেরৎ দেয়া না হয় তবে প্রথম নির্বাচনে 3টি লাল বল এবং ২য় নির্বাচনে 3টি নীল বল পাওয়ার সম্ভাবনা কত? **Ans.** $\frac{5}{264}$

3. 5 জন বালক ও 3 জন বালিকার একটি দল থেকে 3 জনকে দৈবভাবে নির্বাচিত করা হলো। নির্বাচিতদের মধ্যে (i) কোন বালিকা না থাকার (ii) একজন বালিকা থাকার (iii) অন্ততঃ একজন বালিকা থাকার (iv) বড়জোড় একজন বালক থাকার (v) বালিকা বেশি থাকার সম্ভাবনা কত?

Ans. (i) $\frac{5}{28}$ (ii) $\frac{15}{28}$ (iii) $\frac{23}{28}$ (iv) $\frac{2}{7}$ (v) $\frac{2}{7}$

BUET, KUET, CUET & RUET
[বিগত প্রশ্ন ও সমাধান]

Written Part

BUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. গণিত ও পরিসংখ্যান বিষয়ে 200 জন পরীক্ষার্থীর মধ্যে 20 জন পরিসংখ্যানে এবং 40 জন গণিতে ফেল করে, এবং উভয় বিষয়ে 10 জন ফেল করে। নিরপেক্ষভাবে একজন ছাত্রকে বাছাই করলে তার পরিসংখ্যানে পাশ ও গণিতে ফেল হওয়ার সম্ভাবনা বের কর। [17-18]

Sol^n অংকে ফেল করার সম্ভাবনা, $P(M) = \frac{40}{200} = \frac{1}{5}$

পরিসংখ্যানে ফেল করার সম্ভাবনা, $P(S) = \frac{20}{200} = \frac{1}{10}$

উভয় বিষয়ে ফেল করার সম্ভাবনা, $P(M \cap S) = \frac{10}{200} = \frac{1}{20}$

∴ একজন ছাত্রের পরিসংখ্যানে পাশ এবং অংকে ফেল হওয়ার সম্ভাবনা,

$P(M - S) = P(M) - P(M \cap S)$

$= \frac{1}{5} - \frac{1}{20} = \frac{3}{20}$ **Ans.**

02. একটি পাত্রে নয়টি বল আছে, যার মধ্যে দুটি লাল, তিনটি নীল এবং চারটি কালো। তিনটি বল পাত্রটি হতে দৈবভাবে নেওয়া হল। (ক) বল তিনটি ভিন্ন রংয়ের এবং (খ) বল তিনটি একই রংয়ের হওয়ার সম্ভাবনা কত? [16-17]

Solve

Red – 2
Blue – 3
Black –4

(ক) সবগুলো ভিন্ন ভিন্ন হওয়ার সম্ভাবনা $= \frac{{}^2C_1 \times {}^3C_1 \times {}^4C_1}{{}^9C_3} = \frac{2}{7}$

(খ) সবগুলো একই রঙের (নীল বা কালো, লাল ২টি আছে) হওয়ার সম্ভাবনা

$= \frac{{}^3C_3}{{}^9C_3} + \frac{{}^4C_3}{{}^9C_3} = \frac{1}{84} + \frac{1}{21} = \frac{5}{84}$ **Ans.**

03. একটি বাক্সে সমাকৃতির 8টি লাল ও 3টি কালো বল আছে। আরেকটি বাক্সে 10টি লাল ও 2টি কালো বল আছে। একটি বাক্স লটারির মাধ্যমে নির্বাচিত করে তা হতে যদি একটি বল তোলা হয় এবং তা যদি লাল হয় তাহলে প্রথম বাক্সটি নির্বাচিত হওয়ার সম্ভাবনা কত? [15-16]

Solve বায়েসের সূত্র অনুযায়ী, $P\left(\frac{B_1}{R}\right) = \frac{P(B_1).P\left(\frac{R}{B_1}\right)}{P(B_1).P\left(\frac{R}{B_1}\right) + P(B_2).P\left(\frac{R}{B_2}\right)}$

$= \left(\frac{\frac{1}{2}\cdot\frac{8}{11}}{\frac{1}{2}\cdot\frac{8}{11} + \frac{1}{2}\cdot\frac{10}{12}}\right)$ ∴ $P\left(\frac{B_1}{R}\right) = \frac{48}{103}$ **Ans.**

04. তিনটি একই রকমের বাক্সের প্রতিটিতে দুইটি একই রকমের ড্রয়ার আছে। প্রথম বাক্সের দুইটি ড্রয়ারের প্রতিটিতে একটি করে পেন্সিল, দ্বিতীয় বাক্সের প্রতি ড্রয়ারে একটি করে কলম এবং তৃতীয় বাক্সের একটি ড্রয়ারে একটি পেন্সিল ও আর একটি ড্রয়ারে একটি কলম আছে। লটারী করে একটি বাক্স নির্বাচন করা হল ও নির্বাচিত বাক্সের একটি ড্রয়ার খুলে পেন্সিল পাওয়া গেল। পেন্সিলটি যে প্রথম বাক্সের তার সম্ভাব্যতা নির্ণয় কর। [14-15]

Solve

১ম বাক্স থেকে 1টি পেন্সিল পাওয়ার সম্ভাব্যতা, $P(A_1)\,P\left(\frac{B}{A_1}\right) = \frac{1}{3} \times \frac{1}{2} \times \frac{2}{2}$

২য় বাক্স থেকে 1টি পেন্সিল পাওয়ার সম্ভাব্যতা, $P(A_2)\,P\left(\frac{B}{A_2}\right) = \frac{1}{3} \times \frac{1}{2} \times \frac{0}{2}$

৩য় বাক্স থেকে 1টি পেন্সিল পাওয়ার সম্ভাব্যতা, $P(A_3)\,P\left(\frac{B}{A_3}\right) = \frac{1}{3} \times \frac{1}{2} \times \frac{1}{2}$

১ম বাক্স থেকে পেন্সিল পাওয়ার সম্ভাব্যতা,

$P\left(\frac{A_1}{B}\right) = \frac{P(A_1)P\left(\frac{B}{A_1}\right)}{P(A_1)P\left(\frac{B}{A_1}\right) + P(A_2)P\left(\frac{B}{A_2}\right) + P(A_3)P\left(\frac{B}{A_3}\right)}$

$= \frac{\frac{1}{3}\times\frac{1}{2}\times\frac{2}{2}}{\frac{1}{3}\times\frac{1}{2}\times\frac{2}{2} + 0 + \frac{1}{3}\times\frac{1}{2}\times\frac{1}{2}} = \frac{2}{3}$ **Ans.**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.boimate.com
Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

05. একজন ছাত্র ভর্তি পরীক্ষায় চারটি বিষয় Math, Phy, Chem, Eng এ অংশগ্রহণ করে। তার পাশের সম্ভাব্যতা Math এ $\frac{4}{5}$, Phy এ $\frac{3}{4}$, Chem এ $\frac{5}{6}$ এবং Eng এ $\frac{2}{3}$ যোগ্যতা অর্জনের জন্য তাকে অবশ্যই Math এ এবং ন্যূনতম অন্য যে কোন দুই বিষয়ে পাশ করতে হবে। ভর্তি পরীক্ষায় তার যোগ্যতা অর্জনের সম্ভাব্যতা কত? [14-15]

Solve দেওয়া আছে, $p(M)=\frac{4}{5}, P(P)=\frac{3}{4}, P(C)=\frac{5}{6}, P(E)=\frac{2}{3}$

∴ নির্ণেয় সম্ভাবনা = অংকে পাশ করার সম্ভাবনা × কমপক্ষে অন্য যেকোন দুই বিষয়ে পাশের সম্ভাবনা

$$=\frac{4}{5}\times\left(\frac{3}{4}\times\frac{5}{6}\times\frac{2}{3}+\frac{3}{4}\times\frac{5}{6}\times\frac{1}{3}+\frac{3}{4}\times\frac{1}{6}\times\frac{2}{3}+\frac{1}{4}\times\frac{5}{6}\times\frac{2}{3}\right)=\frac{61}{90}$$ Ans.

06. কোন বোল্ট কারখানায় A এবং B মেশিনগুলি মোট উৎপাদনের যথাক্রমে 30% এবং 70% তৈরি করে। মেশিনগুলি যথাক্রমে 2% এবং 5% ত্রুটিপূর্ণ বল্টু তৈরি করে। একটি বল্টু তুলে দেখা গেল এটি ত্রুটিপূর্ণ। বোল্টটি B মেশিনে তৈরি হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। [13-14]

Solve মনেকরি,

বল্টুটি A যন্ত্রে উৎপাদিত হওয়ার সম্ভাবনা = 0.3

বল্টুটি B যন্ত্রে উৎপাদিত হওয়ার সম্ভাবনা = 0.7

ধরি, ত্রুটিপূর্ণ বল্টুটি B মেশিনে তৈরি হওয়ার সম্ভাবনা $P\left(\frac{B}{D}\right)$ হলে বায়েসের সূত্রমতে,

$$P\left(\frac{B}{D}\right)=\frac{P(B).P\left(\frac{D}{B}\right)}{P(B).P\left(\frac{D}{B}\right)+P(A).P\left(\frac{D}{A}\right)}$$

$$=\frac{.7\times.05}{.7\times.05+.3\times.02}=\frac{35}{41}$$ Ans.

07. A ও B মেশিন দু'টি বল্টু প্রস্তুত করে, কিন্তু একটি নির্দিষ্ট সময়ে A মেশিনটি, B মেশিন-এর দ্বিগুণ বল্টু তৈরি করে। জানা আছে যে, A ও B মেশিন দু'টি যথাক্রমে 2% ও 1% ত্রুটিপূর্ণ বল্টু তৈরি করে। একটি বল্টু পরীক্ষা করে দেখা গেল যে, বল্টুটি ত্রুটিপূর্ণ। বোল্টটি A মেশিনে প্রস্তুত হবার সম্ভাব্যতা কত? [11-12]

Solve A মেশিনটি B মেশিনের দ্বিগুণ বল্টু তৈরি করে।

∴ কোন বল্টু A মেশিনে হওয়ার সম্ভাব্যতা $P(A)=\frac{2}{3}$

ও B মেশিনে হওয়ার সম্ভাব্যতা $P(B)=\frac{1}{3}$

∴ ত্রুটিপূর্ণ বল্টুটি A তে পাওয়ার সম্ভাব্যতা

$$P\left(\frac{A}{D}\right)=\frac{P(A)\times P\left(\frac{D}{A}\right)}{P(A)\times P\left(\frac{D}{A}\right)+P(B)\times P\left(\frac{D}{B}\right)}=\frac{\frac{2}{3}\times\frac{2}{100}}{\frac{2}{3}\times\frac{2}{100}+\frac{1}{3}\times\frac{1}{100}}$$

$$=0.8$$ Ans.

08. দুইটি একই রকম বাক্সের প্রথমটিতে 5 টি নীল এবং 4 টি কাল ও দ্বিতীয়টিতে 4 টি নীল এবং 8 টি কাল বল আছে। সমসম্ভব উপায়ে একটি বাক্স নির্বাচন করা হল এবং ঐ বাক্স হতে নিরপেক্ষভাবে একটি বল টানা হল। বলটি নীল হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। যদি বলটি নীল হয়, তাহলে সেটি প্রথম বাক্স থেকে টানার সম্ভাব্যতা কত? [10-11]

Solve বলটি নীল হওয়ার সম্ভাব্যতা $=\frac{1}{2}\times\frac{5}{9}+\frac{1}{2}\times\frac{4}{12}=\frac{4}{9}$

বলটি নীল এবং প্রথম বাক্সে হওয়ার সম্ভাব্যতা $=\frac{\frac{1}{2}\times\frac{5}{9}}{\frac{4}{9}}=\frac{5}{18}\times\frac{9}{4}=\frac{5}{8}$ Ans.

09. একটি কলেজের একাদশ শ্রেণীর 80 জন ছাত্রের মধ্যে 20 জন ফুটবল, 25 জন ক্রিকেট এবং 10 জন উভয়টি খেলে। তাদের মধ্য হতে একজনকে দৈবভাবে নির্বাচন করা হল। (I) যদি ছাত্রটি ক্রিকেট খেলে, তার ফুটবল খেলার সম্ভাবনা কত? (II) যদি ছাত্রটি ফুটবল খেলে, তার ক্রিকেট খেলার সম্ভাবনা কত? [08-09,03-04]

Solve এখানে, ফুটবল খেলার সম্ভাবনা $P(F)=\frac{20}{35}=\frac{4}{7}$

ক্রিকেট খেলার সম্ভাবনা $P(C)=\frac{25}{35}=\frac{5}{7}$

$\therefore P(F\cap C)=\frac{10}{35}=\frac{2}{7}$

∴ (i) ছাত্রটি ক্রিকেট খেলে এইশর্তে ফুটবল খেলার সম্ভাব্যতা,

$$P\left(\frac{F}{C}\right)=\frac{P(F\cap C)}{P(C)}=\frac{\frac{2}{7}}{\frac{5}{7}}=\frac{2}{5}$$

(ii) ছাত্রটি ফুটবল খেলে এই শর্তে ক্রিকেট খেলার সম্ভাব্যতা,

$$P\left(\frac{C}{F}\right)=\frac{P(F\cap C)}{P(F)}=\frac{\frac{2}{7}}{\frac{4}{7}}=\frac{1}{2}$$

10. তিনটি দল I, II, এবং III-এ বিভক্ত শিশুদের দলে যথাক্রমে 3 জন বালিকা ও 1 জন বালক, 2 জন বালিকা ও 2 জন বালক এবং 1 জন বালিকা ও 3 জন বালক বিদ্যমান আছে। প্রতিটি দল হতে নিরপেক্ষভাবে একজন করে নির্বাচিত করা হলে, তিনজনের একটি যাহাইয়ে 1 জন বালিকা ও 2 জন বালক থাকার সম্ভাবনা কত? [07-08]

Solve ১ম দলে বালক আসার সম্ভাবনা $=\frac{1}{4}$ এবং বালিকা আসার সম্ভাবনা $\frac{3}{4}$

২য় দলে বালক আসার সম্ভাবনা $=\frac{1}{2}$ এবং বালিকা আসার সম্ভাবনা $\frac{1}{2}$

৩য় দলে বালক আসার সম্ভাবনা $=\frac{3}{4}$ এবং বালিকা আসার সম্ভাবনা $\frac{1}{4}$

∴ নির্ণেয় সম্ভাবনা = ১ম ও ২য় দলে বালক এবং ৩য় দলে বালিকা আসার সম্ভবনা + ২য় ও ৩য় দলে বালক এবং ১ম দলে বালিকা আসার সম্ভাবনা + ১ম ও ৩য় দলে বালক এবং ২য় দলে বালিকা আসার সম্ভাবনা

$$=\frac{1}{4}\times\frac{1}{2}\times\frac{1}{4}+\frac{1}{2}\times\frac{3}{4}\times\frac{3}{4}+\frac{1}{4}\times\frac{3}{4}\times\frac{1}{2}=\frac{13}{32}$$

11. একটি বাক্সে 6 টি লাল বল, 4 টি সাদা বল এবং 5 টি নীল বল আছে। দৈবচয়ন পদ্ধতিতে ক্রমাগতভাবে তিনটি বল বাক্স থেকে বের করলে লাল, সাদা, নীল অথবা নীল, সাদা, লাল বল ক্রমানুসারে পাওয়ার সম্ভাবনা নির্ণয় কর যখন প্রতিটি বল বাক্সে পুনরায় রাখা না হয়। [06-07]

Solve মোট বল = 15টি

$$\therefore \text{নির্ণেয় সম্ভাব্যতা}=\frac{6\times5\times4}{15\times14\times13}+\frac{5\times4\times6}{15\times14\times13}=\frac{8}{91}$$

12. একটি বাক্সে 6 টি সাদা ও 5 টি লাল বল আছে। বাক্স হতে পুনঃস্থাপন করে দুটি বল নেয়া হল। বল দুটি সাদা হওয়ার সম্ভাবনা কত? [04-05]

Solve নির্ণেয় সম্ভাব্যতা $=\frac{6}{11}\times\frac{6}{11}=\frac{36}{121}$

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.boimate.com

Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

20 খানা একই রকম টিকেটে 1 থেকে 20 পর্যন্ত লিখে একটি পাত্রে রেখে উত্তমরূপে মিশানোর পর আলগোছে ও নিরপেক্ষভাবে একটি টিকেট টানা হলে, টিকেটখানি 3 অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। [02-03; RUET : 04-05]

Solve $P(A \cup B)$
$= P(A) + P(B) - P(A \cap B)$
$= \frac{3}{10} + \frac{1}{5} - \frac{1}{20}$
$= \frac{6+4-1}{20} = \frac{9}{20}$ **Ans.**

$P(A) = 3$ এর গুণিতক হওয়ার সম্ভাবনা $= \frac{6}{20} = \frac{3}{10}$
$P(B) = 5$ এর গুণিতক হওয়ার সম্ভাবনা $= \frac{4}{20} = \frac{1}{5}$ এবং
$P(A \cap B) = \frac{1}{20}$

দুটি একই রকমের বাক্সের 1 নং-বাক্সে 2 টি কাল ও 5 টি সাদা মার্বেল এবং 2 নং- বাক্সে 3 টি কাল ও 7 টি সাদা মার্বেল আছে। লটারির সাহায্যে একটি বাক্স নির্বাচন করা হল এবং নির্বাচিত বাক্সটি থেকে একটি মার্বেল উঠানো হল। মার্বেলটি সাদা হলে, 2 নং- বাক্স থেকে নির্বাচিত হওয়ার সম্ভাবনা কত বের কর। [00-01]

Solve Here, $P\left(\frac{W}{B_1}\right) = \frac{^5C_1}{^7C_1} = \frac{5}{7}$, $P\left(\frac{W}{B_2}\right) = \frac{^7C_1}{^{10}C_1} = \frac{7}{10}$

$\therefore P(B_1) = \frac{1}{2}$ $\therefore P(B_2) = \frac{1}{2}$

$$\therefore P\left(\frac{B_2}{W}\right) = \frac{P\left(\frac{W}{B_2}\right)P(B_2)}{P\left(\frac{W}{B_1}\right)P(B_1) + P\left(\frac{W}{B_2}\right)P(B_2)}$$

$$= \frac{\frac{7}{10} \times \frac{1}{2}}{\frac{5}{7} \times \frac{1}{2} + \frac{7}{10} \times \frac{1}{2}} = \frac{49}{99}$$ **Ans.**

KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. কোন একটি কম্পিউটার কারখানায় M_1, M_2 এবং M_3 যন্ত্রে যথাক্রমে মোট উৎপাদনের 25%, 35% এবং 40% উৎপাদিত হয় এবং যথাক্রমে উৎপাদিত কম্পিউটারগুলোর যথাক্রমে 5%, 4% এবং 2% ত্রুটিপূর্ণ। উৎপাদিত কম্পিউটারগুলো হতে একটি কম্পিউটার নেওয়া হল এবং দেখা গেল কম্পিউটারটি ত্রুটিপূর্ণ। নেওয়া কম্পিউটারটি M_2 যন্ত্রে উৎপাদিত হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। [05-06,CUET: 04-05]

Solve ধরি, M_2 যন্ত্রে উৎপাদিত হওয়ার সম্ভাব্যতা $P(x_2)$

$$\therefore P(x_2) = \frac{P(M_2)P(x_2)}{P(M_1)P(x_1) + P(M_2)P(x_2) + P(M_3)P(x_3)}$$

$$= \frac{0.35 \times 0.04}{(0.25 \times 0.05) + (0.35 \times 0.04) + (0.4 \times 0.02)} = \frac{28}{69}$$ **Ans.**

02. 1 হতে 25 পর্যন্ত সংখ্যাগুলির মধ্য থেকে দৈবচয়নের মাধ্যমে জোড় সংখ্যাগুলি পাওয়ার সম্ভাবনা কত? [04-05]

Solve নমুনা বিন্দু = 25টি

$\therefore$ জোড় সংখ্যা = 12টি

$\therefore$ সম্ভাবনা $= \frac{12}{25}$ **Ans.**

03. একটি পাত্রে 4 টি সাদা, 5টি লাল এবং 6টি সবুজ বল আছে। তা হতে একত্রে 3 টি বল দৈবান্বিত উপায়ে নির্বাচন করা হলো। এরূপক্ষেত্রে (a) প্রতিটি বল লাল ও (b) কমপক্ষে দুইটি বল লাল হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। [03-04]

Solve (a) P (প্রতিটি বল লাল) $= \frac{^5C_3}{^{15}C_3} = \frac{2}{91}$

(b) P (প্রতিটি বল লাল) + P(2টি বল লাল ও একটি ভিন্ন রং এর)

$$= \frac{^5C_3}{^{15}C_3} + \frac{^5C_2 \times {}^{10}C_1}{^{15}C_3} = \frac{22}{91}$$ **Ans.**

CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি ব্যাগে 5টি সাদা, 4টি সবুজ ও 1টি লাল বল আছে। এক সাথে 4টি বল দৈবভাবে নেয়া হল।
a. সবগুলো বল সাদা হবার সম্ভাবনা কত?
b. কোন লাল বল না পাবার সম্ভাবনা কত? [03-04]

Solve a. P (সবগুলো সাদা হওয়ার সম্ভাব্যতা) $= \frac{^5C_4}{^{10}C_4} = \frac{1}{42}$

b. P (লাল বল না পাওয়ার সম্ভাব্যতা) $= \frac{^5C_4}{^{10}C_4} = \frac{3}{5}$ **Ans.**

RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. এক প্যাকেট কার্ড থেকে 3টি কার্ড টেনে তোলা হল। 2টি টেক্কা পাবার সম্ভাবনা বের কর। [11-12]

Solve নির্ণেয় সম্ভাবনা $= \frac{^4C_2 \times {}^{48}C_1}{^{52}C_5} = \frac{72}{5525}$ **Ans.**

02. একটি ছক্কা দুইবার চাল দেওয়া হ'ল। প্রথম চালে 4, 5 অথবা 6 এবং দ্বিতীয় চালে 1, 2, 3 অথবা 4 ওঠার সম্ভাবনা বের কর। [09-10]

Solve প্রথম চালে 4, 5, 6 উঠার সম্ভাব্যতা $= \frac{3}{6} = \frac{1}{2}$

২য় চালে 1, 2, 3 অথবা, 4 উঠার সম্ভাব্যতা $= \frac{4}{6} = \frac{2}{3}$

দুইটি ঘটনা একত্রে ঘটার সম্ভাব্যতা $= \frac{1}{2} \times \frac{2}{3} = \frac{1}{3}$ **Ans.**

03. এক ব্যক্তির তিন সন্তান আছে। তাদের জন্মদিন বছরের তিনটি ভিন্ন ভিন্ন দিনে হবে এমন সম্ভাবনা নির্ণয় কর। [08-09]

Solve ২য় সন্তানের জন্মদিন ১ম সন্তানের জন্মদিনে না হওয়ার সম্ভাবতা
$= \frac{365-1}{365} = \frac{364}{365}$

উল্লেখিত ২দিন ব্যতিত অন্য কোন দিনে ৩য় সন্তানের জন্মদিন হওয়ার সম্ভাবনা $= \frac{365-2}{365} = \frac{363}{365}$

$\therefore$ নির্ণেয় সম্ভাবনা $= \frac{364}{365} \times \frac{363}{365}$ **Ans.**

04. 1 থেকে 100 এর মধ্যে তিনটি পৃথক ধনাত্মক পূর্ণসংখ্যার গুণফল জোড়াসংখ্যা হবার সম্ভাবনা কত? [06-07]

Solve

জোড় (50)	বিজোড় (50)
1	2
2	1
3	0

$\therefore$ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{^{50}C_1 \times {}^{50}C_2 + {}^{50}C_2 \times {}^{50}C_1 + {}^{50}C_3}{^{100}C_3} = \frac{29}{33}$ **Ans.**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

www.boimate.com
Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

KUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

1. দুটি ছক্কা পাশাপাশি নিক্ষেপ করলে যদি 2টা সংখ্যার যোগফল 6 পাওয়ার সম্ভাবনা P_1 এবং 2 টা সংখ্যার যোগফল 7 পাওয়ার সম্ভাবনা P_2 হয়, তাহলে $P_1 + P_2$ এর মান কত? [17-18]

A. $\frac{11}{36}$ B. $\frac{13}{36}$ C. $\frac{17}{36}$
D. $\frac{19}{36}$ E. কোনোটিই নয়

Ans A Solve $P_1 + P_2$ = দুটি ছক্কার একত্রে নিক্ষেপে উপরের পৃষ্ঠে সংখ্যা দুটির যোগফল 6 বা 7 পাওয়ার সম্ভাবনা $= \frac{5+6}{6^2} = \frac{11}{36}$

2. যদি কোন একটি পরীক্ষায় একজন ছাত্রের অংকে ফেল করার সম্ভাব্যতা 1/4, অংকে ও ইংরেজীতে উভয় বিষয়ে পাশ করার সম্ভাব্যতা 3/5 এবং দুটি বিষয়ের কোন একটিতে পাশ করার সম্ভাব্যতা 5/8 হয়, তাহলে ঐ ছাত্রের ইংরেজীতে পাশ করার সম্ভাব্যতা কত? [16-17]

A. 2/5 B. 3/8 C. 19/40
D. 39/40 E. 17/20

Ans C Solve

গণিতে পাশ করার সম্ভাব্যতা $= \left(1 - \frac{1}{4}\right) = \frac{3}{4}$

ইংরেজিতে পাশ করার সম্ভাব্যতা $= \frac{5}{8} - \left(\frac{3}{4} - \frac{3}{5}\right) = \frac{19}{40}$

3. একটি ব্যাগে 12 টি লাল ও 16 টি কালো বল আছে। পরপর দুটি বল নেওয়া হলে উভয়টি একই রঙের হওয়ার সম্ভাবনা কত? [15-16]

A. $\frac{23}{28}$ B. $\frac{31}{56}$ C. $\frac{23}{56}$ D. $\frac{31}{63}$ E. $\frac{20}{63}$

Ans D Solve $\frac{12}{28} \times \frac{11}{27} + \frac{16}{28} \times \frac{15}{27} = \frac{11}{63} + \frac{20}{63} = \frac{31}{63}$

4. দুটি ছক্কা একই সঙ্গে নিক্ষেপ করা হলে যোগফল 7 পাবার সম্ভাবনা কোনটি? [14-15]

A. $\frac{1}{6}$ B. $\frac{1}{36}$ C. $\frac{5}{36}$ D. $\frac{2}{3}$ E. $\frac{7}{36}$

Ans A Solve যোগফল 7 হতে পারে, 6 ভাবে

১ম ছক্কা	২য় ছক্কা	∴ সম্ভাবনা $= \frac{6}{36} = \frac{1}{6}$
1	6	
2	5	
3	4	
4	3	
5	2	
6	1	

5. ইমন ও শারমিন দশম শ্রেণীতে পড়ে। তারা তাদের গণিত বইয়ের যথাক্রমে 75% প্রশ্ন ও 80% প্রশ্ন সমাধান করতে পারে। দৈবভাবে নেয়া একটি গণিতের প্রশ্ন ইমন অথবা শারমিনের পক্ষে সমাধান করার সম্ভাবনা কত? [13-14]

A. $\frac{1}{20}$ B. $\frac{3}{20}$ C. $\frac{11}{20}$ D. $\frac{9}{20}$ E. $\frac{19}{20}$

Ans E Solve

ইমনের গণিত বই সমাধান করতে না পারার সম্ভাব্যতা $= (1 - 0.75) = \frac{1}{4}$

শারমিনের গণিত বই সমাধান করতে না পারার সম্ভাব্যতা $= (1 - 0.80) = \frac{1}{5}$

ইমন ও শারমিনের সমাধান না করার সম্ভাব্যতা $= \frac{1}{4} \times \frac{1}{5} = \frac{1}{20}$

ইমন অথবা শারমিনের সমাধান করতে পারার সম্ভাব্যতা $= 1 - \frac{1}{20} = \frac{19}{20}$

6. একই রকম 3টি বক্সে যথাক্রমে 2টি লাল ও 5টি কালো, 3টি লাল ও 5টি সাদা এবং 5টি সাদা ও 7টি কালো বল আছে। দৈবচয়নের মাধ্যমে একটি বক্স হইতে একটি বল নেওয়া হইলে সেটি কালো হবার সম্ভাবনা কত? [10-11]

A. $\frac{4}{9}$ B. $\frac{3}{4}$ C. $\frac{1}{4}$ D. $\frac{5}{9}$ E. $\frac{1}{2}$

Ans Blank Solve $\frac{1}{3} \times \frac{5}{7} + \frac{1}{3} \times \frac{0}{8} + \frac{1}{3} \times \frac{7}{12} = \frac{109}{252}$

7. 16 জন বালক ও 12 জন বালিকা একটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করলে, একটি বালক প্রথম ও একটি বালিকা দ্বিতীয় হওয়ার সম্ভাব্যতা হল : [09-10]

A. $\frac{6}{7}$ B. $\frac{1}{7}$ C. $\frac{5}{63}$ D. $\frac{12}{49}$ E. $\frac{16}{63}$

Ans E Solve একটি বালক প্রথম ও একটি বালিকা ২য় হওয়ার সম্ভাবনা $= \frac{16}{28} \times \frac{12}{27} = \frac{16}{63}$

8. প্রান্তিক সংখ্যাদ্বয়কে অন্তর্ভুক্ত না করে 10 থেকে 30 পর্যন্ত সংখ্যাসেটের যে কোন একটিকে নিলে সেই সংখ্যাটি মৌলিক অথবা 5 দ্বারা বিভাজ্য হওয়ার সম্ভাব্যতা কত? [08-09]

A. $\frac{6}{21}$ B. $\frac{9}{19}$ C. $\frac{11}{21}$ D. $\frac{3}{7}$ E. $\frac{3}{19}$

Ans B Solve মৌলিক সংখ্যা, A = {11, 13, 17, 19, 23, 29}
5 দ্বারা বিভাজ্য সংখ্যার সেট, B = {15, 20, 25}

$\therefore P(A) = \frac{6}{19}, P(B) = \frac{3}{19}$ $\therefore P(\text{Total}) = \frac{6}{19} + \frac{3}{19} = \frac{9}{19}$

9. 52টি তাসের প্যাকেট থেকে 1টি তাস দৈবচয়িতভাবে উঠানো হল। তাসটি লাল অথবা টেক্কা হওয়ার সম্ভাবনা কোনটি? [07-08]

A. $\frac{7}{52}$ B. $\frac{15}{26}$ C. $\frac{11}{13}$ D. $\frac{7}{13}$ E. $\frac{9}{13}$

Ans D Solve ∴ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{26}{52} + \frac{4}{52} - \frac{2}{52} = \frac{28}{52} = \frac{7}{13}$

10. 50 হতে 70 সংখ্যাগুলি থেকে দৈবচয়ন পদ্ধতিতে একটি সংখ্যা নেওয়া হল। সংখ্যাটি মৌলিক সংখ্যা হওয়ার সম্ভাবনা হল: [05-06]

A. $\frac{4}{21}$ B. $\frac{3}{21}$ C. $\frac{5}{21}$ D. $\frac{6}{21}$

Ans A Solve 50 – 70 এর মধ্যে মৌলিক সংখ্যা
= 53, 59, 61, 67 = 4টি ∴ নির্ণেয় সম্ভাব্যতা $= \frac{4}{21}$

CUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি বাক্সে 6টি সাদা ও 5টি লাল বল আছে। বাক্স হতে দুটি বল এক সাথে উঠিয়ে নেয়া হলো। বাক্স হতে পর্যায়ক্রমে বল উঠিয়ে সেটি পুনঃস্থাপন করে আবার একটি বল উত্তোলন করলে উত্তোলিত বল দুটি সাদা হওয়ার সম্ভাবনা কত? [12-13]

A. $\frac{36}{121}$ B. $\frac{30}{121}$ C. $\frac{2}{121}$ D. None

Ans A Solve ∴ নির্ণেয় সম্ভাবনা $= \frac{6}{11} \times \frac{6}{11} = \frac{36}{121}$

02. একটি ব্যাগে 6টি সাদা, 7টি লাল ও 9টি কালো বল আছে। দৈবক্রমে যে কোন তিনটি বল নেয়া হলো, সবগুলো বল সাদা বা লাল আসার সম্ভাব্যতা কত? [12-13]

A. $\frac{1}{28}$ B. $\frac{1}{77}$ C. $\frac{1}{44}$ D. None

Ans A Solve ∴ নির্ণেয় সম্ভাবনা $= \frac{{}^6C_3 + {}^7C_3}{{}^{22}C_3} = \frac{1}{28}$

www.boimate.com
Scanned with CamScanner

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

03. তিনটি সদৃশ বাক্সে লাল ও সাদা বল আছে। ১ম বাক্সে 3টি লাল ও 2টি সাদা বল, ২য় বাক্সে 4টি লাল ও 5টি সাদা বল, ৩য় বাক্সে 2টি লাল ও 4টি সাদা বল আছে। একটি বাক্স দৈবচায়িত ভাবে নির্বাচন করে একটি বল নেয়া হলো। যদি বলটি লাল হয়, তবে বলটি ২য় বাক্স হতে আসার সম্ভাবনা কত? [15-16]

A. $\frac{62}{135}$ B. $\frac{4}{27}$ C. $\frac{10}{31}$ D. None of them

Ans | **C** | **Solve**

১ম বাক্সে একটি বল লাল আসার সম্ভাবনা $P\left(\frac{R}{A_1}\right)=\frac{3}{5}$

২য় বাক্সে একটি বল লাল আসার সম্ভাবনা $P\left(\frac{R}{A_2}\right)=\frac{4}{9}$

৩য় বাক্সে একটি বল লাল আসার সম্ভাবনা $P\left(\frac{R}{A_3}\right)=\frac{2}{6}=\frac{1}{3}$

যেহেতু বাক্স তিনটি সদৃশ সুতরাং $P(A_1)=P(A_2)=P(A_3)=\frac{1}{3}$

$$\therefore P\left(\frac{A_2}{R}\right)=\frac{P(A_2)\,P\left(\frac{R}{A_2}\right)}{P(A_1)\,P\left(\frac{R}{A_1}\right)+P(A_2)\,P\left(\frac{R}{A_2}\right)+P(A_3)\,P\left(\frac{R}{A_3}\right)}$$

$$=\frac{\frac{1}{3}\times\frac{4}{9}}{\frac{1}{3}\times\frac{3}{5}+\frac{1}{3}\times\frac{4}{9}+\frac{1}{3}\times\frac{1}{3}}=\frac{10}{31}$$

04. একটি ব্যাগে 3টি লাল, 2টি সাদা ও 1টি সবুজ বল আছে। দৈবক্রমে যে কোন তিনটি বল নেয়া হল। সবগুলো সাদা বল আসার সম্ভাবনা নিচের কোনটি? [11-12]

A. $\frac{{}^3C_2\times{}^4C_1}{{}^6P_1}$ B. $\frac{{}^2P_2\times{}^4P_2}{{}^6C_1}$ C. $\frac{{}^2C_2\times{}^4C_1}{{}^6C_1}$ D. None

Ans | **D** | **Solve** সবগুলো সাদা হওয়ার সম্ভাবনা = 0 (∵ সাদা বল 2 টি)

05. একটি বাক্সে বিভিন্ন আকারের 6টি সাদা বল, 7টি লাল বল এবং 8টি কাল বল আছে। দৈবভাবে একটি বল তুলে নেয়া হল। বলটি লাল বা সাদা হবার সম্ভাব্যতা হল– [10-11]

A. 7/21 B. 13/21 C. 6/21 D. None

Ans | **B** | **Solve** P (লাল অথবা সাদা) = P(লাল) + P(সাদা)

$$=\frac{7}{21}+\frac{6}{21}=\frac{13}{21}$$

06. একটি ব্যাগে 4টি সাদা এবং 5টি কালো বল আছে। একজন লোক নিরপেক্ষভাবে একসঙ্গে 3টি বল উঠালেন। 3টি বলই কালো হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। [09-10]

A. $\frac{5}{42}$ B. $\frac{9}{42}$ C. $\frac{1}{7}$ D. None of them

Ans | **A** | **Solve** $P(B)=\frac{{}^5C_3}{{}^9C_3}=\frac{5}{42}$

RUET এর বিগত প্রশ্নাবলি [শর্ট টেকনিকের সাহায্যে সমাধান]

01. একটি বাক্সে 4টি লাল, 5টি নীল এবং 7টি সাদা বল আছে। দৈব চয়নে একটি বলের লাল বা সাদা হওয়ার সম্ভাবনা কত? [13-14]

A. $\frac{5}{16}$ B. $\frac{9}{16}$ C. $\frac{12}{16}$ D. $\frac{11}{16}$ E. None

Ans | **D** | **Solve** মোট বল, 16 টি

লাল হওয়ার সম্ভাব্যতা $=\frac{4}{16}$ এবং সাদা হওয়ার সম্ভাব্যতা $=\frac{7}{16}$

$\therefore$ লাল বা সাদা হওয়ার সম্ভাব্যতা $=\frac{4}{16}+\frac{7}{16}=\frac{11}{16}$

02. 7 টি সাদা, 3 টি কালো বল একটি সারিতে সাজানো হল, দুইটি কাল বল পাশাপাশি না বসার সম্ভাবনা- [11-12]

A. $\frac{1}{2}$ B. $\frac{1}{15}$ C. $\frac{2}{15}$

D. $\frac{7}{15}$ E. $\frac{1}{3}$

Ans | **D** | **Solve** নির্ণেয় সম্ভাব্যতা $=\frac{{}^8C_1}{{}^{10}C_3}=\frac{7}{15}$

SELF TEST: [Written]

01. 1 মৌলিক সংখ্যা নয় মনে করে 50 অপেক্ষা ক্ষুদ্রতর মৌলিক সংখ্যা হতে নিরপেক্ষভাবে যে কোন একটিকে বাছাই করলে তার (i) 25 অপেক্ষা ক্ষুদ্রতর (ii) 2 এর শক্তি বিশিষ্ট (iii) বর্গ 100 অপেক্ষা বৃহত্তর হওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। **Ans.** $\frac{3}{5}, \frac{1}{15}$

02. দুইটি নিখুঁত মুদ্রা ও একটি নিখুঁত ছক্কা একত্রে একবার নিক্ষেপ করা হল (i) দুইটি কাল ও বিজোড় সংখ্যা (ii) একটি লেজ ও জোড় সংখ্যা (iii) যে কোন পিঠ ও বিজোড় সংখ্যা পাওয়ার সম্ভাব্যতা নির্ণয় কর। **Ans.** (i) $\frac{1}{8}$, (ii) $\frac{1}{4}$, (iii) $\frac{1}{2}$

03. 4 জন বালক ও 2 জন বালিকা উদ্দেশ্যহীনভাবে একটি সারিতে আসন গ্রহণ করে। বালিকাদের পাশাপাশি আসন গ্রহণ করার সম্ভাবনা কত? **Ans.** $\frac{1}{3}$

04. 52 খানা তাসের প্যাকেট হতে একখানা তাস দৈবভাবে উঠানো হল। তাসটি লাল টেক্কা হওয়ার সম্ভাবনা কত? **Ans.** $\frac{1}{26}$

05. 52টি তাসের একটি প্যাকেট হতে 3টি তাস বের করা হলে 3টি তাসই টেক্কা হওয়ার সম্ভাবনা কত? **Ans.** $\frac{1}{5525}$

06. কোন জরিপে দেখা গেল 70% লোক ইত্তেফাক পড়ে, 60% লোক ইনকিলাব পড়ে এবং 40% লোক উভয় পত্রিকাই পড়ে। দৈবভাবে বাছাই করলে একজন লোক ইত্তেফাক বা ইনকিলাব পড়ার সম্ভাবনা নির্ণয় কর। **Ans.** $\frac{9}{10}$

07. দু'টি থলির একটিতে 5টি লাল ও 3টি কাল বল আছে। অপর থলিতে 3টি লাল ও 5টি কালো বল আছে। সমসম্ভব উপায়ে একটি থলি নির্বাচন করা হল এবং তা থেকে দু'টি বল তোলা হলে একটি লাল ও একটি কাল হওয়ার সম্ভাবনা নির্ণয় কর। **Ans.** $\frac{30}{64}$

08. দুটি সংখ্যার গড় ও বিভেদাংক যথাক্রমে 10 ও 20% সংখ্যা দুটি নির্ণয় কর। **Ans.** 12, 8

09. প্রথমে n স্বাভাবিক সংখ্যার পরিমিত ব্যবধান $\sqrt{10}$ হলে এর বিভেদাংক নির্ণয় কর। **Ans.** 52.5%

10. তিনটি বিন্যাসের গণসংখ্যা 200, 250 এবং 300 এবং গড় যথাক্রমে 25, 20 ও 15 এবং পরিমিত ব্যবধান যথাক্রমে 3, 4, 5 হলে এদের সম্মিলিত গড় নির্ণয় কর। **Ans.** 20

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

www.boimate.com

Scanned with CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

SELF TEST: [MCQ]

খেলার তাস গুছানোর সময় চারটি তাস অসাবধানতাবসত পড়ে গেল চারটি তাস চার স্যুটের হওয়ার সম্ভাব্যতা–

A. $\frac{1}{20825}$ B. $\frac{2197}{20825}$

C. $\frac{1}{256}$ D. কোনটিই নয়

দুটি ঘটনা A, B ঘটার সম্ভাবনা যথাক্রমে 0.25 ও 0.50. A ও B উভয়ই ঘটার সম্ভাবনা 0.14। A ও B কোনটি না ঘটার সম্ভাবনা–

A. 0.39 B. 0.25
C. 0.11 D. 0.61

1 থেকে n পর্যন্ত সংখ্যাগুলোর বর্গের যোগফলের গড় কত যখন n = 500?

A. 250 B. 62500
C. 83583.5 D. 85383.5

একটি পাত্রে 6টি লাল, 5টি সবুজ এবং 4টি সাদা বল আছে। 3টি বল দৈবভাবে নেয়া হল। (i) বলগুলো ভিন্ন রঙের, (ii) বলগুলো একই রঙের হবার সম্ভাব্যতা নির্ণয় কর।

A. $\frac{2}{15}, \frac{7}{15}$ B. $\frac{24}{91}, \frac{34}{455}$

C. $\frac{1}{12}, 30$ D. None

52 খানা তাসের প্যাকেট হতে 3টি তাস বের করা হলে 3টি তাসই রাজা হবার সম্ভাব্যতা কত?

A. $\frac{1}{5525}$ B. $\frac{1}{26}$

C. $\frac{2}{15}$ D. $\frac{7}{15}$

মধ্যবিন্দু	250	350	450	550	650	750	850
গণসংখ্যা	12	18	36	24	10	8	7

উপাত্তগুলো থেকে গড় নির্ণয় কর।

A. 426.94 B. 415.6
C. 496.95 D. 318.4

কোন ঘটনা ঘটার সম্ভাবনা P(A) হলে না ঘটার সম্ভাবনা কত?

A. P(A) B. 1–P(A)
C. $P(A^C) = 0$ D. কোনটি নয়

একটি অধিবর্ষে 53টি শুক্রবার থাকার সম্ভাবনা কত?

A. $\frac{2}{7}$ B. $\frac{1}{7}$

C. 1 D. 0

–2, –1, 0, 1, 2 সংখ্যাগুলোর পরিমিত ব্যবধান কত?

A. $\sqrt{2}$ B. $\sqrt{5}$
C. $\sqrt{7}$ D. 1

52টি তাসের দুইটি প্যাকেট হতে 1টি করে তাস দৈবভাবে লওয়া হলো। তাস 2টির টেক্কা হবার সম্ভাবনা কত?

A. $\frac{1}{13}$ B. $\frac{1}{52}$

C. $\frac{1}{26}$ D. $\frac{1}{169}$

দুইটি বর্জনশীল ঘটনা A এবং B এরূপ যে P'(A) = 0.7, P'(B) = P এবং P(A∪B) = 0.8 হলে P এর মান-

A. $\frac{8}{7}$ B. 1

C. 0.5 D. $\frac{3}{7}$

12. A, B, C ঘটনা তিনটি পরস্পর পৃথক ও সম্পূর্ণ, যদি $P(B) = \frac{3}{2}P(A)$, $P(C) = \frac{1}{3}P(B)$ হয়, তবে P(C) নির্ণয় কর।

A. $\frac{1}{3}$ B. $\frac{1}{9}$

C. $\frac{1}{6}$ D. $\frac{1}{2}$

13. $-2a, -a, 0, a, 2a$ সংখ্যাগুলোর গড় ব্যবধান কত?

A. 0 B. $\frac{6a}{5}$

C. $\frac{3a}{5}$ D. $\frac{5a}{3}$

14. এক ব্যক্তি 4টি ঠিকানায় 4টি চিঠি লিখে এবং চিঠিগুলো খামগুলোতে দৈবক্রমে ঢুকান হলে সঠিক ঠিকানায় চিঠি পাবার সম্ভাবনা-

A. $\frac{1}{24}$ B. $\frac{11}{24}$

C. $\frac{23}{24}$ D. $\frac{5}{8}$

15. স্বামী ও স্ত্রীর মধ্যে আরো 10 বছর বাঁচার সম্ভাবনা যথাক্রমে $\frac{1}{4}, \frac{1}{3}$ 10 বছরের পর স্বামী এবং স্ত্রী কারোই না বাঁচার সম্ভাবনা-

A. $\frac{11}{12}$ B. $\frac{1}{2}$

C. $\frac{2}{15}$ D. $\frac{1}{3}$

16. চারজন ব্যক্তি দৈবক্রমে 3 জন পুরুষ, 2 জন মহিলা, এবং 4 জন শিশু হতে বাছাই করা হল। তাদের মধ্যে দুইজন শিশু হবার সম্ভাবনা-

A. $\frac{9}{21}$ B. $\frac{2}{9}$

C. $\frac{4}{9}$ D. $\frac{10}{21}$

17. যদি A এবং B দুইটি ঘটনা হয় তবে, তাদের মধ্যে শুধুমাত্র একটি বাছাই করার সম্ভাবনা-

A. P(A) + P(B) – 2P(A∩B) B. P(A) + P(B) + P(A∩B)
C. P(A) + P(B) D. P(A) + P(B) –P(A∩B)

OMR

01. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	06. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	11. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	16. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ
02. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	07. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	12. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	17. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ
03. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	08. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	13. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	
04. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	09. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	14. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	
05. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	10. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	15. Ⓐ Ⓑ Ⓒ Ⓓ	

Correct Answer

17.A	16.D	15.B	14.A	13.B	12.C	11.C	10.D	09.A
